**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
**আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭**
(www.bpsc.gov.bd)

# বিজ্ঞপ্তি

নং ৮০.১১০.০০.০০.০১১.০১.২০১৫- ৯৭০ তারিখ ২২ ডিসেম্বর ২০১৬

**বিষয় ঃ পররাষ্ট্র মন্ত্রনালয়ের সহকারী সাইফার কর্মকর্তা পদের বাছাই (প্রিলিমিনারী) পরীক্ষা গ্রহণ প্রসংগে।**

পররাষ্ট্র মন্ত্রনালয়ের সহকারী সাইফার কর্মকর্তা পদের নিয়োগের নিমিত্ত গত ২৫-০৩-২০১৫ খ্রিঃ তারিখে ৬১ নম্বর নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়। আবেদনকারী প্রার্থীদের বাছাই (প্রিলিমিনারী) পরীক্ষা নিম্নলিখিত ০৪ (চার) টি কেন্দ্রে/হলে বর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে ঃ

| তারিখ, দিন ও সময় | কেন্দ্রের নাম | রেজিঃ নম্বর<br>থেকে ------- পর্যন্ত | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|
| **১৩ জানুয়ারি ২০১৭ শুক্রবার সকাল ১০:০০ মিঃ হতে বেলা ১১:০০ মিঃ পর্যন্ত** | ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা। | ০০২৬০৭ - ৩৭৭৯৫৯ | ৪০০০ জন |
| | সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ধানমন্ডি, ঢাকা। | ৩৭৭৯৬০ - ৫৫৩৬২০ | ১৮১৭ জন |
| | শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় আগারগাঁও, ঢাকা। | ৫৫৩৬২১ - ৬৬৬৩২৩ | ১৫০০ জন |
| | বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা। | ৬৬৬৩২৪ - ৭৭৭৩৯১ | ৩০০ জন |

## সময়সূচি ঃ-

| পরীক্ষার তারিখ ও সময় | সময়সূচী | পরীক্ষার্থীদের করণীয় |
|---|---|---|
| ১৩-০১-২০১৭(শুক্রবার)<br><br>সকাল ১০:০০ মিঃ হতে বেলা ১১:০০মিঃ পর্যন্ত।<br><br>পূর্ণমান-১০০ | সকাল ৯:০০- ৯:৩০ ঘটিকা | প্রার্থীগণ নির্ধারিত পরীক্ষা কেন্দ্রে নিজ নিজ পরীক্ষা কক্ষে প্রবেশ করে নির্দিষ্ট আসন গ্রহণ করবেন। |
| | বেলা ৯:৩০ ঘটিকা হতে ৯:৫০ ঘটিকা | প্রার্থীদেরকে উত্তরপত্র দেয়া হবে। উত্তরপত্রে সেট নম্বর(যেমন-সেট-১, ২ ও ৩) মুদ্রিত থাকবে। প্রার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, জেলা এবং রেজিঃ নম্বর কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখে সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করবেন। উল্লেখ্য কেন্দ্রের সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করার প্রয়োজন নেই। প্রার্থীগণ পরিদর্শকের নির্দেশ মোতাবেক হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। এ সময় প্রবেশপত্র টেবিলের উপর রাখতে হবে। প্রবেশপত্রের ছবি এবং স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে। কোন রকম গরমিল পাওয়া গেলে বহিষ্কারসহ যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| | বেলা ১০:০০ ঘটিকা | প্রার্থীদের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের অনুরূপ প্রশ্নপত্রের ৩টি সেট (যেমনঃ সেট- ১, ২ ও ৩) মুদ্রিত থাকবে। প্রার্থী যে সেট নম্বরের উত্তরপত্র পাবেন তাকে সে সেট নম্বরের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের সেট নম্বর এবং প্রশ্নপত্রের সেট নম্বর এক এবং অভিন্ন কিনা নিশ্চিত হয়ে প্রার্থী উত্তরদান শুরু করবেন। প্রশ্নপত্র এবং উত্তরপত্রের সেট নম্বর অভিন্ন না হলে সঙ্গে সঙ্গে পরিদর্শককে অবহিত করবেন। |
| | বেলা ১১:০০ মিঃ | পরীক্ষা শেষ হবে। প্রার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর প্রার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন।। প্রশ্নপত্র প্রার্থীগণ নিয়ে যেতে পারবেন। |

ক্রমশ/০২

২. **পরীক্ষা সংক্রান্ত জরুরি নির্দেশাবলি :-**

ক. প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৬(ছয়) ডিজিট সংবলিত। কোন প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৬ ডিজিটের কম সংখ্যার হলে বামদিকের ঘর/ঘরগুলো ০(শূন্য) দিয়ে পূরণপূর্বক রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ (সংখ্যাসমূহ) উত্তরপত্রের প্রযোজ্য ঘরে কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে লিখে নিচের প্রযোজ্য বৃত্ত ভরাট করতে হবে।

খ. **প্রতিটি উত্তরপত্রে সেট নম্বরের নির্ধারিত স্থানে সেট নম্বর এবং সেট নম্বরের জন্য নিচের সংশ্লিষ্ট বৃত্তটি মুদ্রিত থাকবে। কাজেই প্রার্থীদের উত্তরপত্রে সেট নম্বর লিখার এবং সেট নম্বরের বৃত্ত ভরাট করার প্রয়োজন হবে না। প্রার্থীকে যে সেট নম্বরের উত্তরপত্র দেয়া হবে তাকে সেই সেট নম্বরের প্রশ্নপত্র সরবরাহ করা হবে। সকাল ১০:০০ ঘটিকায় প্রশ্নপত্র প্রাপ্তির পর প্রার্থী তার প্রশ্নপত্রের সেট নম্বর এবং উত্তরপত্রের সেট অভিন্ন কিনা তা চেক করে নিশ্চিত হবেন। প্রশ্নপত্র এবং উত্তরপত্রের সেট নম্বর অভিন্ন না হলে সঙ্গে সঙ্গে পরিদর্শককে অবহিত করতে হবে এবং উত্তরপত্রের সেট নম্বর অনুযায়ী প্রশ্নপত্র গ্রহণ করতে হবে ।**

গ. প্রবেশপত্রের নিচে প্রদত্ত নির্দেশাবলি অতি মনোযোগের সাথে পড়তে এবং অনুসরণ করতে হবে।

ঘ. **বাছাই (প্রিলিমিনারি) পরীক্ষায় ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। প্রবেশপত্রে উল্লেখিত ক্যালকুলেটর ব্যবহারের বিষয়টি লিখিত পরীক্ষায় কমিশন কর্তৃক নির্ধারিত সীমিত সংখ্যক বিষয়ের পরীক্ষার জন্য প্রযোজ্য।**

ঙ. প্রশ্নপত্র বিতরণের পর কোনো প্রার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না। প্রশ্নপত্র দেয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

চ. **প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। প্রবেশপত্রের স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

ছ. **ভুয়া প্রার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, মোবাইল ফোন, ঘড়ি, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, ক্যালকুলেটর বা কোনোরূপ ইলেকট্রনিক যোগাযোগযন্ত্র আনা সম্পূর্ণ নিষিদ্ধ। নিষিদ্ধ সামগ্রীসহ কোনো প্রার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো প্রার্থীর নিকট নিষিদ্ধ ঘোষিত উল্লিখিত সামগ্রী পাওয়া গেলে তার প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে কেন্দ্র থেকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যে কোন নিয়োগ পরীক্ষার জন্য এ ধরনের প্রার্থীকে অযোগ্য ঘোষণা করা হবে। কাজেই পরীক্ষার দিন কোনভাবেই উল্লিখিত নিষিদ্ধ সামগ্রী না আনার জন্য প্রার্থীদের বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।**

জ. বাছাই পরীক্ষার উত্তরপত্রে ২টি অংশ থাকবে। প্রথম অংশে প্রার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, সেট নম্বর এবং স্বাক্ষরের স্থান থাকবে। দ্বিতীয় অংশে ১০০টি উত্তর প্রদানের জন্য ১-১০০ পর্যন্ত ক্রম অনুযায়ী বৃত্তসমূহ থাকবে। উত্তরপত্রের প্রথম অংশে সেট নম্বর মুদ্রিত থাকবে এবং সংশ্লিষ্ট বৃত্ত পূরণ করা থাকবে। কাজেই প্রার্থীকে উত্তরপত্রে সেট নম্বর লিখা এবং বৃত্ত ভরাট করার প্রয়োজন হবে না। উত্তরপত্রের প্রথম অংশে নির্ধারিত স্থানে প্রার্থী তার নাম লিখবেন, রেজিস্ট্রেশন নম্বর লিখে নিচের সংশ্লিষ্ট বৃত্তসমূহ পূরণ করবেন এবং নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন।

ঝ. **প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা হচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনরূপ কাটাকাটি করলে প্রার্থিতা বাতিল হবে।**

ঞ. পরীক্ষা শুরুর ১৫ মিনিট পর (১০:১৫ মিনিটে) প্রার্থীর উত্তরপত্র ও প্রশ্নপত্রের সেট নম্বর এক এবং অভিন্ন আছে কিনা এবং উত্তরপত্রের ১ম অংশে প্রার্থী রেজিস্ট্রেশন নম্বর লিখে স্বাক্ষর করেছেন কিনা তা কক্ষ পরিদর্শক চেক করে উত্তরপত্রের প্রথম অংশ পারফোরেটেড স্থানে বিচ্ছিন্ন করে দ্বিতীয় অংশ হতে আলাদা করবেন। ১০০টি প্রশ্নের উত্তর প্রদানের জন্য নির্ধারিত উত্তরপত্রের দ্বিতীয় অংশে প্রার্থী উত্তর প্রদান করবেন।

ট. পরীক্ষায় যে কোনো অসদুপায় অবলম্বনের জন্য প্রার্থীকে কেন্দ্র হতে বহিষ্কার করা হবে। উল্লেখ্য যে, কোন প্রার্থী পরীক্ষায় নকল করলে বা অন্য কোন অসদুপায় অবলম্বন করলে বা কোন অসদাচরণের জন্য দোষী হলে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। তাছাড়া ক্ষেত্র বিশেষে মামলা দায়েরপূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতে উক্ত প্রার্থীকে সোপর্দ করা হবে।

ঠ. **পরীক্ষা কক্ষে পরিদর্শকগণ প্রার্থীর প্রবেশপত্রের ছবি, রেজিস্ট্রেশন নম্বর পরীক্ষা করবেন। প্রবেশপত্রে উল্লিখিত রেজিস্ট্রেশন নম্বর এবং নাম সঠিকভাবে উত্তরপত্রের যথাস্থানে প্রার্থী লিখেছেন কিনা এবং প্রার্থীর প্রবেশপত্র ও পরিচিতি প্রতিপাদনের ছবি অভিন্ন কিনা পরীক্ষান্তে তা নিশ্চিত হয়ে পরিদর্শক হাজিরা তালিকায় প্রার্থীর স্বাক্ষর গ্রহণ করবেন এবং হাজিরা তালিকায় পরিদর্শকের জন্য নির্ধারিত স্থানে পরিদর্শক স্বাক্ষর করবেন। কোন প্রার্থীর ছবি, স্বাক্ষর, প্রবেশপত্র এবং উত্তরপত্রের নাম ও রেজিস্ট্রেশন নম্বরের গরমিলসহ কোনরূপ অনিয়ম ধরা পড়লে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

ড. **এ পরীক্ষায় মোট ১০০(একশত) টি MCQ type প্রশ্ন থাকবে। পরীক্ষার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১(এক) নম্বর পাবেন, তবে ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর করে কাটা হবে। পরীক্ষার জন্য পূর্ণ সময় ১(এক) ঘণ্টা।**

ক্রমশ/০৩

৩. এ পদের প্রার্থীদের BPSC Form-5 -এ হাতে হাতে আবেদনপত্র গ্রহণ ও প্রবেশপত্র বিতরণ করা হয়েছে। কোন প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে/প্রবেশপত্র না পেলে/যুক্তিসঙ্গত কারণে প্রবেশপত্র বিনষ্ট হলে বিশেষ বিবেচনায় ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ লিখিত পরীক্ষা অনুষ্ঠানের নির্ধারিত তারিখের ০৫(পাঁচ) দিন পূর্বে অর্থাৎ আগামী ০৮-১-২০১৭ তারিখ হতে ১২-১-২০১৭ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এর পরিচালক (ইউনিট-১০) এর বরাবর আবেদন পূর্বক ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। প্রসংগত উল্লেখ্য যে, প্রবেশপত্র হারিয়ে গেলে থানায় সাধারণ ডায়েরী করে তার কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। প্রবেশপত্র ব্যতিত কোন প্রার্থীকে বাছাই পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না। সকাল ১০:০০ টার পর কোন প্রার্থীকে পরীক্ষার কেন্দ্রে প্রবেশের অনুমতি দেয়া হবে না।

- **পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।**
- **চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**

22.12.2016

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক(নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)

নং ৮০.১১০.০০.০০.০১১.০১.২০১৫- ৯৭০(২৫) তারিখ ২২ ডিসেম্বর ২০১৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়/বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
২. অতিরিক্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৩. পরীক্ষা নিয়ন্ত্রক(ক্যাডার/নন-ক্যাডার), অত্র সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, অত্র সচিবালয়, ঢাকা।
৫. পরিচালক(সকল)/উপ-সচিব(প্রশা/অর্থ ও সেবা/বাজেট), অত্র সচিবালয়, ঢাকা।
৬. উপ-পরিচালক(সকল), অত্র সচিবালয়, ঢাকা।
৭. উপ-পরিচালক/সহকারী পরিচালক,বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়,আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
৮. সহকারী পরিচালক/সহকারী সচিব/জনসংযোগ কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা/লাইব্রেরীয়ান, অত্র সচিবালয়, ঢাকা।
৯. জনাব কৌশিক দেবনাথ, সহকারী প্রোগ্রামার (কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd. -এ প্রকাশের জন্য), অত্র সচিবালয়, ঢাকা।
১০. সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), অত্র সচিবালয়, ঢাকা।
১১. নোটিশ বোর্ড/অভ্যর্থনা, অত্র সচিবালয়, ঢাকা।

22.12.2016

(আবদুল্লাহ-আল-মামুন)
পরিচালক

নং ৮০.১১০.০০.০০.০১১.০১.২০১৫- ৯৭০(২) তারিখ ২২ ডিসেম্বর ২০১৬

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-**

১. মুখ্য বার্তা নিয়ন্ত্রক,বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে অনুরোধ করা হলো।

২. বার্তা সম্পাদক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে অনুরোধ করা হলো।

22.12.2016

(আবদুল্লাহ-আল-মামুন)
পরিচালক

সদয় অবগতির জন্য ঃ-

১. মাননীয় চেয়ারম্যান-এর একান্ত সচিব(চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), অত্র সচিবালয়, ঢাকা।
২. ব্যক্তিগত কর্মকর্তা(বিজ্ঞ সদস্য - মহোদয়ের সদয় অবগতির জন্য), অত্র সচিবালয়, ঢাকা।